63

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...16 AUG 1995 ... ...
পৃষ্ঠা ৪ কলাম ৪ ...

# এইচএসসি'র আরও সাড়ে তিন শ' খাতা লাপাত্তা

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ যশোর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ইংরেজী প্রথম পত্রের সাড়ে তিনশ' উত্তরপত্রসহ দু'ব্যক্তিকে খুলনা থানা পুলিশ আটক করলেও খাতাগুলো উত্তোলনের বিষয়টি এখনও রহস্যাবৃত। আটককৃত ব্যক্তিদের চারদিনের রিমান্ডে এনে পুলিশ জিজ্ঞাসাবাদ করছে।

গ্রেফতারকৃত ব্যক্তিরা পুলিশকে জানিয়েছে যে, একই প্রক্রিয়ায় এবং একই ব্যক্তির নামে আরও সাড়ে তিনশ'

(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## এইচএসসি'র (প্রথম পাতার পর)

খাতা উত্তোলন করা হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত ঐ উত্তরপত্রগুলোর কোন হদিস পাওয়া যায়নি।

এ ব্যাপারে যশোর বোর্ডের দায়িত্বশীল এক কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি খাতা উত্তোলনের কথা স্বীকার করে বলেন, প্রিন্সিপালের সীলমোহর ও স্বাক্ষরকৃত পত্রের ভিত্তিতে ডাভারিয়া সরকারী কলেজের প্রভাষক সুলতান আহম্মেদ-এর নামে ইংরেজী প্রথমপত্রের সাতশ' উত্তরপত্র প্রদান করা হয়েছে।

অশুভ একটি চক্র যশোর বোর্ডের এক শ্রেণীর অসৎ কর্মচারীর সাথে যোগসাজশে উত্তরপত্রগুলো উত্তোলন করেছে বলে গ্রেফতারকৃতরা পুলিশের কাছে স্বীকার করেছে।